

## টেলিগ্রাফ ট্রাভেলের জরিপ : বিশ্বের সেরা এয়ারলাইন এমিরেটস

- A Monitor Desk Report

Date: 21 October, 2024



ঢাকাঃ সম্প্রতি প্রকাশিত টেলিগ্রাফ ট্রাভেল পরিচালিত একটি সর্বব্যাপী ও পদ্ধতিগত জরিপের ফলাফলে বিশ্বের শীর্ষস্থানীয় ৯০টি এয়ারলাইনের মধ্যে এমিরেটস শীর্ষস্থান অধিকার করেছে।

রবিবার (২০ অক্টোবর) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এমিরেটস বাংলাদেশ জানায়, ৩০টির অধিক মানদণ্ডের ভিত্তিতে র‍্যাংকিং এবং রেটিং নির্ধারিত হয়। এসব মানদণ্ডের মধ্যে ছিল সময়ানুবর্তিতা, ব্যাগেজ অ্যালাউন্স, রুট নেটওয়ার্ক, হোম এয়ারপোর্টের মান, উড়োজাহাজ বহরের বয়স, রিওয়ার্ড প্রোগ্রাম এর মূল্যমান, ফ্লাইটে পরিবেশিত খাবারের স্বাদ ইত্যাদি।

ফলাফল নির্ধারণের ক্ষেত্রে ১৮টির অধিক স্বাধীন ও আন্তর্জাতিক পুরস্কারের ডাটার রেফারেন্স, পাঠকদের ভোটিং, বিভিন্ন ওয়েবসাইটের রেটিং এবং বিশেষজ্ঞদের মতামত বিবেচনা করা হয়েছে।

৬০ মিনিটে মিলছে ৮৮ শতাংশ লাগেজ, যাত্রীদের জন্য রাখা ৩৬০০ ট্রলি প্রবাসীদের জন্য লাউঞ্জ হচ্ছে শাহজালালে, খাবার মিলবে স্বল্পমূল্যে জরিপের ফলাফলে এমিরেটসকে একটি যোগ্য বিজয়ী হিসেবে উল্লেখ করে বলা হয় যে, এয়ারলাইনটি ব্যাগেজ অ্যালাউন্স থেকে শুরু করে সময়ানুবর্তিতা, সকল ক্ষেত্রেই ভালো করেছে।

এই জরিপে ৯০টি এয়ারলাইন অন্তর্ভুক্ত ছিল। এক বছরে পরিবহনকৃত যাত্রীদের সংখ্যা বিবেচনায় এই এয়ারলাইনগুলোকে জরিপের আওতায় আনা হয়। বিভিন্ন মানদণ্ডে প্রতিটি এয়ারলাইনের পারফরমেন্স বিবেচনা করে ফলাফল নির্ধারিত হয়।

২০২৪ সালে এখন পর্যন্ত এমিরেটস আরও ১৯টি পুরস্কার এবং স্বীকৃতি লাভ করেছে। এর মধ্যে, স্কাইট্র্যাক্স ওয়ার্ল্ড এয়ারলাইন এওয়ার্ডস এ সাতটি পুরস্কার বিশেষভাবে উল্লেখযোগ্য। এছাড়াও অন্য যেসব অ্যাওয়ার্ড প্রোগ্রামে পুরস্কৃত হয়েছে তার মধ্যে রয়েছে প্যাঙ্গ ইন্টারন্যাশনাল ম্যাগাজিন অ্যাওয়ার্ডস, বিজিনেস ট্রাভেলার মিডল ইন্সট এওয়ার্ডস, ওয়ার্ল্ড ট্রাভেল অ্যাওয়ার্ডস, ইন্টারন্যাশনাল লয়ালটি অ্যাওয়ার্ডস,

এয়ারলাইন রেটিংস ডটকম এয়ারলাইন এক্সিলেন্স অ্যাওয়ার্ডস।

এমিরেটস বর্তমানে ঢাকা থেকে বোয়িং ৭৭৭ উড়োজাহাজের সাহায্যে দৈনিক তিনটি ফ্লাইট পরিচালনা করছে। বাংলাদেশ থেকে বিশ্বের ১২০টির অধিক গন্তব্যে ভ্রমণের জন্য দুবাই থেকে সুবিধাজনক সংযোগ পাচ্ছেন যাত্রীরা।

**-B**